



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mofl.gov.bd

নম্বর-৩৩.০০.০০০০.১০৮.১২.০১৯.১৭.১০৩৫


তারিখ : ১১ কার্তিক ১৪২৭
২৭ অক্টোবর ২০২০

অফিস আদেশ

বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪-এর তফসিল-১ এর “নিয়োগ পদ্ধতি” ও এ মন্ত্রণালয়ের ১৮/১০/২০২০ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় নির্বাচন কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অফিস সহায়ক জনাব মোঃ মকবুল হোসেন-কে নিম্নলিখিত শর্তসাপেক্ষে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ১৮ নং গ্রেডে ৮৮০০-২১৩১০/- টাকার বেতনক্রমে ‘ফটোকপি অপারেটর’ এর শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে পদোন্নতি প্রদান করা হলোঃ

শর্তাবলী :

১. বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর ৬(১)(খ) বিধি মোতাবেক অস্থায়ী ভিত্তিতে পদোন্নতিপ্রাপ্ত ফটোকপি অপারেটর ০১(এক) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করবেন। তবে, কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ শিক্ষানবিসকাল অতিরিক্ত আরো ০১(এক)বৎসর বৃদ্ধি করতে পারবেন;
 ২. একই বিধিমালার ৬(২) (খ) বিধি মোতাবেক শিক্ষানবিস থাকাকালে তাঁর আচরণ এবং কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তার পূর্বতন পদে পদাবনত (Revert) করতে পারবেন;
 ৩. শিক্ষানবিসের মেয়াদ সন্তোষজনক পূর্ণ হওয়া এবং উল্লিখিত নিয়োগ বিধিমালার ৬নং বিধিতে বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে তার চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে;
 ৪. সময়ে সময়ে সরকারের জারিকৃত আদেশ/নির্দেশাবলি পদোন্নতিপ্রাপ্ত’র ক্ষেত্রে প্রযোজ্য হবে। সরবরাহকৃত তথ্যে কোন রকম ভুল উদঘাটিত হলে কর্তৃপক্ষ আদেশ সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করবেন।
- ০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।



(সুরত ভৌমিক)
উপসচিব
ফোন: ৯৫৪৬৪৮০

নম্বর-৩৩.০০.০০০০.১০৮.১২.০১৯.১৭.১০৩৫

তারিখ : ১১ কার্তিক ১৪২৭
২৭ অক্টোবর ২০২০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৩. চিফ একাউন্ট এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৫. হিসাবরক্ষণ কর্মকর্তা(ডিডিও), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৬. জনাব মোঃ মকবুল হোসেন, ফটোকপি অপারেটর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৭. অফিস কপি।


(সুরত ভৌমিক)
উপসচিব